

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জুন ১৯, ২০১২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৯ জুন, ২০১২/৫ আষাঢ়, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৯ জুন, ২০১২/ ৫ আষাঢ়, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

২০১২ সনের ২০ নং আইন

২০১২ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন

যেহেতু ২০১২ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে মঞ্জুরীকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

২। ২০১১-২০১২ অর্থ বৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ৮৮৮০,৪৭,২৯,০০০ (আট হাজার আটশত আশি কোটি সাতচল্লিশ লক্ষ উনত্রিশ হাজার) টাকা প্রদান।—২০১২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের যে সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে

(৮৯৬৬৯)

মূল্য : টাকা ৪.০০

সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫এ উল্লিখিত ৮৮৮০,৪৭,২৯,০০০ (আট হাজার আটশত আশি কোটি সাতচল্লিশ লক্ষ উনত্রিশ হাজার) টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০১২ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
	রাষ্ট্রপতির কার্যালয়	১৪,৩৪	০	১৪,৩৪
০৫	জনপ্রশাসন মন্ত্রণালয়	০	১২,৯৫,৬৫	১২,৯৫,৬৫
০৯	ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	১৪৬,২০,০৯	১৪৬,২০,০৯
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	১২৭৩,৮৭,০০	১৮,৮২,২৩	১২৯২,৬৯,২৩
১৪	বাণিজ্য মন্ত্রণালয়	০	৪২,৩৯,৪৭	৪২,৩৯,৪৭
১৬	প্রতিরক্ষা মন্ত্রণালয়	-৮৯৭৮,০৬	২৭৪,৯২৫২	১৮৫,১৪,৪৬
১৮	স্বরাষ্ট্র মন্ত্রণালয়	০	১২৫,৫১,৭০	১২৫,৫১,৭০
১৯	লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ	০	৩,০৯,০০	৩,০৯,০০
৫৪	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়	০	১০৭,০৩,৬৭	১০৭,০৩,৬৭
২৫	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০	৩২,৩৬	৩২,৩৬
২৬	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	০	১৪,০৩,৯৫	১৪,০৩,৯৫
৩৩	পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ	০	২৪৫,৭১,৯৭	২৪৫,৭১,৯৭
৩৪	শিল্প মন্ত্রণালয়	০	২৫৯,৮০,৩৩	২৫৯,৮০,৩৩
৩৭	কৃষি মন্ত্রণালয়	০	১৮৫৩,৮৫,০৫	১৮৫৩,৮৫,০৫

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরী নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
৩৯	পরিবেশ ও বন মন্ত্রণালয়	০	২৭,৯৪,০৫	২৭,৯৪,০৫
৪১	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৩৩,৪১,২০	৩৩,৪১,২০
৫৫	রেলপথ মন্ত্রণালয়	০	৩৮৯০,৫০,৫৯	৩৮৯০,৫০,৫৯
৪৭	ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়	০	৫৮৭,৬৭,০০	৫৮৭,৬৭,০০
৪৮	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	৭,২১,৫৪	৭,২১,৫৪
৪৯	বিদ্যুৎ বিভাগ	০	৩১,৫৯,৭৬	৩১,৫৯,৭৬
	সুপ্রীম কোর্ট	১৩,১১,৫৮	০	১৩,১১,৫৮
৫২	দুর্নীতি দমন কমিশন	০	১০,৩০	১০,৩০
	মোট মঞ্জুরী ও বরাদ্দের দাবী	১১৯৭,৩৪,৮৬	৭৬৮৩,১২,৪৩	৮৮৮০,৪৭,২৯

মোঃ মাহফুজুর রহমান
ভারপ্রাপ্ত সচিব।